



# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ২২/২০২৫

তারিখ : ০৯/০৩/২০২৫ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## ২০২৫-২০২৬ অর্থ বছরের জাতীয় বাজেট প্রস্তাবনা প্রণয়নের সুবিধার্থে

### সম্মানিত সদস্যদের নিকট থেকে এ সম্পর্কিত প্রস্তাবনা আহ্বান

সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর ও কাস্টমস এর অন্যতম স্টেকহোল্ডার হিসেবে অত্র এসোসিয়েশন কর্তৃক প্রতি বছর জাতীয় বাজেট প্রণয়নের প্রাক্কালে সম্মানিত সদস্য সি এন্ড এফ এজেন্টদের বাস্তব অভিজ্ঞতার আলোকে পণ্যের শ্রেণীবিন্যাসে অসংগতি নিরূপণ, সি এন্ড এফ পেশা স্বার্থ সংশ্লিষ্ট বিষয় ইত্যাদির উপর বাজেট প্রস্তাবনা প্রস্তুত করে জাতীয় রাজস্ব বোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সাথে প্রাক বাজেট মতবিনিময় সভায় উপস্থাপন করা হয়।

এইবার জাতীয় রাজস্ব বোর্ড এর মাননীয় চেয়ারম্যান মহোদয় অত্র এসোসিয়েশনের সাথে এসোসিয়েশন কার্যালয়ে প্রাক বাজেট মতবিনিময় সভা করার ব্যাপারে সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত সভায় উপস্থাপনার্থে আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরের জাতীয় বাজেট প্রস্তাবনা প্রণয়নের সুবিধার্থে আমদানি পণ্যের শ্রেণীবিন্যাস, শুল্ক-কর সংশ্লিষ্ট আইন ও বিধান এবং কাস্টমস্ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর উপর কোন সুনির্দিষ্ট প্রস্তাবনা থাকলে তা নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী ২৪/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অত্র এসোসিয়েশনে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হল। আপনাদের মূল্যবান ও সুচিন্তিত প্রস্তাব ও মতামত একটি নির্ভুল ও গ্রহণযোগ্য বাজেট প্রস্তাবনা প্রণয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

ক্র: নং	প্রস্তাবের বিষয়	বিদ্যমান আইন/বিধান বা পণ্যের নাম, এইচ.এস.কোড ও বিদ্যমান শুল্কহার	প্রস্তাব	প্রস্তাবের পক্ষে যুক্তি

মোঃ শওকত আলী

সাধারণ সম্পাদক

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন